11) The balance sale consideration shall be paid within 90 days from the date of demand raised by the Liquidator. Payments made after 30 days from the date of demand shall attract interest @ 12% p.a., failing which the sale shall stand cancelled and the EMD forfeited, in accordance with Schedule I, Para 1(12) of the IBBI (Liquidation Process) Regulations, 2016.
12) This notice is issued in compliance with the provisions of the Insolvency and Bankruptcy Code, 2016, and the regulations made thereunder.
13) The intending bidders, prior to submitting their bid, should make their independent inquiries regarding the title of property, dues of local taxes, any transfer charges applicable and payable to any statutory authority, electricity and water charges, maintenance charges, if any and inspect the property at their own expenses and satisfy themselves.

For M/s Dirgh Diamond Private Limited (In Liquidation)
Sd/-
Atul Mehta
Liquidator of Dirgh Diamond Private Limited
Date: 17-11-2026 IBBI Registration No - IBBI/IPA-002/IP-N01062/2020-2021/13458
Place: Mumbai AFA: 30.06.2027

ONELIFE CAPITAL ADVISORS LIMITED

CIN: L74140MH2007PLC173660
Address: Plot No. A 356, Road No. 26, Wagle Industrial Estate, MIDC, Thane (W), Maharashtra, 400604, **Tel:** 02241842345, **Email:** cs@onelifecapital.in, **Website:** www.onelifecapital.in

STATEMENT OF CONSOLIDATED UNAUDITED FINANCIAL RESULTS FOR THE SECOND QUARTER AND HALF YEAR ENDED SEPTEMBER 30,2026

[Figures in Rs. lakhs unless stated otherwise]

Sr. No.	PARTICULARS	CONSOLIDATED					
		Quarter Ended			Half Year Ended		Year Ended
		30.09.2026	30.06.2026	30.09.2025	30.09.2026	30.09.2025	31.03.2026
		Un Audited	Un Audited	Un Audited	Un Audited	Un Audited	Audited
1	Total income from operations	774.62	719.95	385.97	1494.58	470.63	911.46
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items)	375.46	454.10	(502.90)	829.50	(537.42)	622.52
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	375.46	454.10	(502.90)	829.50	(537.42)	622.52
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	323.36	377.39	(509.74)	696.28	(562.25)	552.05
5	Total Comprehensive income for the period (Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive income (after tax)	369.05	389.34	(509.74)	753.92	(903.03)	551.54
6	Equity Share Capital (FV of Rs. 10 per share)	3736.00	3736.00	1336.00	3736.00	1336.00	3736.00
7	Earnings Per Share (FV of Rs.10 each) (for continuing and discontinued operations) Basic and Diluted	(3.61)	(0.39)	(5.09)	(4.01)	(4.61)	(3.65)

The key standalone financial information is as under :

Sr. No.	PARTICULARS	Quarter Ended			Half Year Ended		Year Ended
		30.09.2026	30.06.2026	30.09.2025	30.09.2026	30.09.2025	31.03.2026
		Un Audited	Un Audited	Un Audited	Un Audited	Un Audited	Audited
1	Total income from operations	300.00	250	300	550	300	217
2	Net Profit / (Loss) for the period before tax	185.74	176.49	160.96	362.23	99.32	217.94
3	Net Profit / (Loss) for the period after tax	131.50	176.49	136.13	307.99	74.49	211.11

The above is an extract of the detailed format of Quarterly/Half Yearly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly/Half Yearly Financial Results are available on the Company's website www.onelifecapital.in and also the Stock Exchange websites www.bseindia.com and www.nseindia.com.

The above unaudited standalone and consolidated financial results have been reviewed and recommended by the Audit Committee at their meeting held on 14 November, 2026 and consequently approved by the Board of Directors at their meeting.

For and on behalf of the Board of Directors
Onelife Capital Advisors Limited
Prabhakara Naig Naig
Place : Thane Whole Time Director
Date : 14th November 2026 DIN: 00716975

এমন এনকাউন্টার আরও চলবে: সুকান্ত

আজকালের প্রতিবেদন

‘পুলিশ আক্রান্ত বলেই গুলি চালিয়েছে। এমন এনকাউন্টার আরও চলবে।’ বললেন কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার। পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষও একই সুরে কথা বলেছেন। পাশাপাশি ‘দলীয় কর্মীদের তোলাবাজি নিয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে, অভিযোগও কমছে’ বলে মন্তব্য মন্ত্রীর। সুকান্ত জানান, ‘তোলাবাজির অভিযোগ পেলেই ব্যবস্থা নেওয়া হচ্ছে। তবে এমন অভিযোগ এখন অনেক কম।’ উল্লেখ্য, রাজ্যের বিভিন্ন জায়গা থেকে টাকা তোলার অভিযোগ আসছে বিজেপির বিভিন্ন নেতা-কর্মীর বিরুদ্ধে। বেশ কয়েকজনের বিরুদ্ধে প্রশাসন কড়া ব্যবস্থাও নিয়েছে। গ্রেপ্তারও করা হয়েছে। এদিন কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার জানান, আগের সরকারের সময় তাঁর এলাকার বিভিন্ন নার্সিংহোম থেকে টাকা তোলা হত। বিজেপি চেষ্টা করছে তোলাবাজি সম্পূর্ণ বন্ধ করতে। বারবার বলা হচ্ছে বলেই, মনে হচ্ছে যেন চারদিকে তোলাবাজি হচ্ছে। যেটা হচ্ছে সেটা তুলনায় অনেক কম।

পুলিশের এনকাউন্টার নিয়ে এদিন একই সুরে কথা বলেন কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার এবং রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, যতগুলো এনকাউন্টার হয়েছে এখনও পর্যন্ত, তার মধ্যে বেশিরভাগই ধর্ষণের মতো ঘটনার সঙ্গে যুক্ত। পালানোর চেষ্টা করেছে এবং পুলিশের দিকে গুলি চালিয়েছে বলেই এনকাউন্টার হয়েছে। এই ধরনের এনকাউন্টার আরও চলবে। পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ বলেন, ‘আইনকে যে চ্যালেঞ্জ করবে তার সঙ্গে এরকম অবস্থাই হবে।’ সুকান্ত বলেন, ‘সম্প্রতি যে এনকাউন্টার হয়েছে সে কনস্টেবলকে গুলি করে পালিয়ে গিয়েছে। তাকে গ্রেপ্তার করতে গেলে সে ফের পুলিশের দিকে গুলি চালিয়েছে। তখন পাল্টা পুলিশও গুলি চালিয়েছে।’ তিনি জানান, ‘সাধারণ মানুষের সঙ্গে পুলিশ বন্ধুত্বপূর্ণ আচরণই করবে। পুলিশকে ভয় পাওয়া উচিত অপরাধীদের। উল্টে এতদিন পুলিশকে সাধারণ মানুষ ভয় পেতেন।’

পানহাটির বিধায়ক রত্না দেবনাথের বিজেপির ক্ষমতায় আসা প্রসঙ্গে বক্তব্য পেশ করা নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, ‘অনেকেই মুখ খুলে দিচ্ছেন। মন্তব্য করে ফেলছেন। সেটা থেকে বিরত থাকা উচিত। ছাই সরিয়ে আগুন আছে কি না তা দেখে নিয়ে মন্তব্য করলে ভাল হয়।’ কেন্দ্রীয় মন্ত্রীর কথায়, তাঁর কাছে খবর আছে ঝগড়া অন্য জায়গায় হয়েছিল। মৃত্যু হয়েছে বাড়ি এসে। বিজেপির সঙ্গে বিজেপির গোলমাল নয়। ময়নাতদন্তে অন্য কিছু বেরোলে যিনি মন্তব্য করছেন, তিনি ভুল প্রমাণিত হবেন। তদন্ত হলেই বেরিয়ে আসবে। এই বিষয়ে পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ মেনে নিয়েছেন, কিছু কিছু জায়গায় সমস্যা আছে। তিনি বলেন, ‘দল এবং প্রশাসন কথা বলে সমাধান করবে। নতুন সরকার গঠন করেছে দল। পরিস্থিতি ঠিক করতে কিছুটা সময় তো লাগবে।’

ধর্ষণকারী, গুন্ডাদের ছাড়ব না, ফের কড়া বার্তা মুখ্যমন্ত্রীর

বুদ্ধদেব দাস

মেদিনীপুর, ১৬ নভেম্বর

‘এখনও কিছু ধর্ষণকারী, গুন্ডা রয়েছে। তারা যত তাড়াতাড়ি সম্ভব পশ্চিমবঙ্গ থেকে পালাক। নইলে একটাকেও ছাড়া হবে না।’ সোমবার পশ্চিম মেদিনীপুরে পুলিশের এক অনুষ্ঠান থেকে এমনই কড়া বার্তা দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তিনি পরিষ্কার জানিয়ে দেন, ‘পশ্চিমবঙ্গে মহিলাদের ওপর অত্যাচারকারী, পুলিশের ওপর হামলাকারী গুন্ডাদের একজনকেও ছাড়া হবে না। এখনও কিছু ধর্ষণকারী, গুন্ডা রয়েছে। গুন্ডামি করবেন না। ছোট ছোট মেয়েদের খুন, তাদের ওপর শারীরিক অত্যাচার করবেন না। পুলিশকে গুলি করবেন না। আইন হাতে তুলে নেবেন না। এসব খারাপ কাজ চলবে না। করলে ফল খুব খারাপ হবে।’ মুখ্যমন্ত্রীর স্পষ্ট বার্তা, ‘রাজ্য সরকার কয়েকটি ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি অনুসরণ করে চলেছে। পুলিশকে বলছি, সমাজকে ড্রাগের নেশা থেকে মুক্ত করতে হবে। সাট্টা-জুয়া থেকে মুক্ত করতে হবে। এসব ঠেক বন্ধ করতে হবে। জুয়ার বোর্ড বসিয়ে মেলা হবে না। মেলা-পুজোয় জুয়া-সাট্টা বসানো চলবে না। প্রয়োজনে আড়ম্বর কমিয়ে দিতে হবে। এসব করলে পুলিশ ব্যবস্থা নেবে। এবারের পুজোতেও এরকম কিছু হয়েছে। আমার কাছে তার খবর আছে।

এদিন মেদিনীপুর শহরের কয়েকটি জগদ্ধাত্রী পুজোর উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘যাঁরা ২০২১-এ আমায় ডেকেছিলেন, তাঁদের বলেছিলাম যত রাত হোক আমি আসব। মেদিনীপুরের প্রতি আমার একটা আলাদা টান রয়েছে। আমি ক্ষুদিরাম বসু, বিদ্যাসাগর, শহিদ মাতঙ্গিনীর জেলার লোক।’ তিনি বলেন, ‘এ রাজ্যে সনাতনিদের মধ্যে যাতে কোনও বিভেদ না হয়, সেটা লক্ষ্য রাখতে হবে। ঐতিহ্য ধরে রাখতে হবে।’ ডাঃ শ্যামাপ্রসাদ মুখপাধ্যায়ের অবদান তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, ‘উনি আইনসভায় ভোট দিয়ে প্রস্তাব পাশ না করালে আমাদের অবস্থা ভয়াবহ হত। এজন্যই আমরা সমস্ত পুজো করতে পারছি। সমস্ত উৎসব পালন করতে পারছি। এই সংস্কৃতি ধরে রাখতে হবে।’

জগদ্ধাত্রী পুজোর শুভেচ্ছা মুখ্যমন্ত্রীর

আজকালের প্রতিবেদন

জগদ্ধাত্রী পুজোর শুভেচ্ছা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সোমবার ছিল জগদ্ধাত্রী পুজোর সপ্তমী। এদিন মুখ্যমন্ত্রী সমাজমাধ্যমে লেখেন, ‘শ্রীশ্রী জগদ্ধাত্রী পুজোর মহাসপ্তমী উপলক্ষে সকলকে আন্তরিক শুভেচ্ছা ও শুভকামনা জানাই। মা জগদ্ধাত্রীর আশীর্বাদে সকলের জীবন সুখ, শান্তি, সমৃদ্ধি ও আনন্দে ভরে উঠুক।’

মঙ্গলবার মুর্শিদাবাদের বেলডাঙায় ও নদিয়ার কৃষ্ণনগরে জগদ্ধাত্রী পুজোর উদ্বোধনে যাবেন মুখ্যমন্ত্রী। বেলডাঙায় ভারত সেবাশ্রমের জগদ্ধাত্রী পুজো হয়। এই সেবাশ্রমেই থাকেন কার্তিক মহারাজ। প্রশাসন সূত্রে জানা গেছে, মঙ্গলবার দুপুরে কপ্টারে মুখ্যমন্ত্রী সরাসরি নামবেন বেলডাঙায়। সেখান থেকে সেবাশ্রমের পুজোর অনুষ্ঠানে যাবেন। এদিকে সোমবার কার্তিক মহারাজের নেতৃত্বে ভারত সেবাশ্রম থেকে বিশাল শোভাযাত্রা বেলডাঙা পরিক্রমা করে। ওইদিন মুখ্যমন্ত্রী কৃষ্ণনগরে চারটি পুজোর উদ্বোধন করবেন। প্রথমে উদ্বোধন করবেন চাষাপাড়া বারোয়ারির পুজো। এই চাষাপাড়া বারোয়ারির পুজো খুব পুরনো। এখানকার প্রতিমা ‘বুড়িমা’ নামে খ্যাত। সেখান থেকে তিনি যাবেন কাঁঠালপোতা বারোয়ারিতে। এরপর বৌবাজার বারোয়ারি ও সব শেষে পাত্রবাজারে ‘স্বীকৃতি’ ক্লাবের মণ্ডপে যাবেন।

গ্রেপ্তার বিজেপি নেতা

● ১ পাতার পর

তিনি বলেন, ‘গত বিধানসভা নির্বাচনে টিকিট পাইয়ে দেওয়ার প্রলোভন দেখিয়ে আমাকে দিল্লি এবং রাজ্যের নেতৃত্বের কাছে নিয়ে যায়। প্রথমে দুই কোটি, পরে ২৫-৩০ লক্ষ টাকার বিনিময়ে টিকিট পাইয়ে দেওয়ার চুক্তি হয়।’ তাঁর থেকে ১২ লক্ষ টাকা প্রতারণা করা হয়েছে বলে পুলিশকে জানিয়েছেন অভিযোগকারী।

পাশাপাশি, এলাকার আরও একাধিক লোকজনকে চাকরির প্রলোভন দিয়ে অভিযুক্ত কয়েক কোটি টাকা আত্মসাৎ করেছে, দাবি স্থানীয় সূত্রের। আদালতের নির্দেশে ধৃতকে নিজেদের হেফাজতে নিয়েছে পুলিশ। তমলুক সাংগঠনিক জেলা বিজেপির সভাপতি মলয় সিনহা বলেন, ‘অভিযুক্ত ব্যক্তি দলের কোনও পদে নেই। সদস্যপদ ছিল হয়তো। কিন্তু বিধানসভা ভোটের আগে থেকে দলের কাজের মধ্যে নেই। কোথায় থাকেন, বাড়িতে থাকেন না বাইরে থাকেন, তা-ও আমি জানি না।’

আগামী বছর ৯ মে-র মধ্যে লক্ষ কর্মসংস্থান

● ১ পাতার পর

একটা উদাহরণ দিয়ে তিনি বলেন, ‘একটি দপ্তরে ৯ হাজার পদের জন্য পরীক্ষা নেওয়া হবে। আবেদন জমা পড়েছে সাড়ে ৮ লক্ষ। এত শিক্ষিত বেকারের কাছ থেকে ৫০০ টাকা করে নিয়ে লাভ নেই। সরকারি পরীক্ষার ফি এবার মকুব করা হবে।’ মুখ্যমন্ত্রী বলেন, ‘গ্র্যাজুয়েট ভাতা, ভরসা প্রকল্প চালু করা হবে। পাঁচ বছর ধরে এই ভাতা দেওয়া হবে যাঁরা চাকরির জন্য প্রস্তুতি নিচ্ছেন।’ বিগত সরকারের সময়ে ওবিসি-জটে সব নিয়োগ ঝুলিয়ে রাখা হয়েছিল বলে অভিযোগ করে তিনি বলেন, ‘আমরা বিধানসভায় আইন এনে এই জট খুলেছি। জিন্দাল শিল্প কারখানা নিয়ে আশার আলো রয়েছে। জানুয়ারি মাসে তাদের দ্বিতীয় ইউনিটের শিলান্যাস করতে আসব। বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের ব্যবস্থা হবে।’ মুখ্যমন্ত্রী বলেন, ‘আরও শিল্প আসছে। যে শিল্পপ্রতিষ্ঠান যত বেশি কর্মসংস্থান দেবে, সেই প্রতিষ্ঠানকে তত বেশি সুযোগ-সুবিধে দেবে সরকার।’ তিনি এও জানান, কথায় কথায় কারখানার গেটে জমায়েত, তালা ঝুলিয়ে দেওয়া, হরতাল করা— এই সব অতীত। আর বরদাস্ত করা হবে না। আবার কোনও শিল্পপতি অজুহাত দেখিয়ে কারখানা বন্ধ করে চলে যেতেও পারবেন না। অনুষ্ঠানে পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ বলেন, ‘রাজ্যে বিভিন্ন প্রতিষ্ঠান রয়েছে, যেখানে আগে কাজের কোনও পরিবেশ ছিল না, তাদের কাজ করতে দেওয়া হত না। শুভেন্দু অধিকারীর নেতৃত্বে যে-সরকার গঠিত হয়েছে, তাতে ছ’মাসে ভাল কাজ হয়েছে। শিল্প সংস্থার প্রতিনিধিরা কর্মী নিয়োগের কাজ শুরু করেছেন।’ তিনি বলেন, ‘যেভাবে পশ্চিম মেদিনীপুর জেলার পুলিশ সুপার পাপিয়া সুলতানা সুষ্ঠু ভাবে সমস্ত অনুষ্ঠান সম্পন্ন করেছেন, তা অত্যন্ত প্রশংসনীয়। পশ্চিম মেদিনীপুর জেলা পুলিশের উদ্যোগে এই জব ফেয়ার অনুষ্ঠান অত্যন্ত গুরুত্বপূর্ণ।’ অনুষ্ঠানে ছিলেন রশ্মি মেটালিক্স, বেঙ্গল এনার্জি, টাটা হিতাচি, শ্যাম অ্যাগ্রো-সহ বিদ্যাসাগর শিল্পতালুকের বেশ কয়েকজন শিল্পপতি। উল্লেখ্য, এদিন শহরের পাঁচটি জগদ্ধাত্রী পুজোর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী।

দলের নেতা-কর্মীদের আচরণে ক্ষুব্ধ শান্তনু ঠাকুর

নিরুপম সাহা

বনগাঁ, ১৬ নভেম্বর

‘মারছে বিজেপি, মার খাচ্ছে বিজেপি— দু’পক্ষই বিজেপির লোক।’ দলের নেতা-কর্মীদের একাংশের আচরণে ক্ষোভ প্রকাশ করে এই মন্তব্য করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বনগাঁর সাংসদ শান্তনু ঠাকুর। তাঁর কড়া হুঁশিয়ারি, ‘বিজেপির মধ্যে বিভাজন, মারামারি ও সঙ্ঘর্ষ কোনও ভাবেই বরদাস্ত করা হবে না। প্রয়োজনে সংশ্লিষ্ট নেতাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।’

রবিবার বনগাঁর নীলদর্পণ প্রেক্ষাগৃহে শান্তনু ঠাকুরের উদ্যোগে আয়োজিত হয়েছিল ‘মিলন উৎসব’। সেই মঞ্চ থেকেই শান্তনু অভিযোগ করেন, দীর্ঘ ১৫ বছর তৃণমূলের বিরুদ্ধে লড়াই করা বিজেপি কর্মীদের এখন দলেরই অন্য কর্মীদের হাতে আক্রান্ত হতে হচ্ছে। বিজেপির কিছু নেতা ক্ষমতার অপব্যবহার করে দলের কর্মীদের ওপর অত্যাচার চালাচ্ছেন। তিনি বেঁচে থাকতে এই ধরনের ঘটনা চলতে দেবেন না। পুলিশ ও প্রশাসনের ভূমিকা নিয়েও ক্ষোভ প্রকাশ করেন কেন্দ্রীয় মন্ত্রী। তিনি বলেন, ‘বিজেপি কর্মীরা আক্রান্ত হলেও পুলিশ নিরপেক্ষ ভাবে কাজ করছে না।’ দলের কর্মীদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে শান্তনু বলেন, ‘বর্তমানে সিপিএম, তৃণমূল কিংবা কংগ্রেসের অস্তিত্ব নিয়ে না ভেবে বিজেপির প্রত্যেক নেতা-কর্মীকে একসঙ্গে কাজ করতে হবে।’

মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ চায় বেঙ্গল ক্রিশ্চান কাউন্সিল

রাজ্যে খ্রিস্টানদের ওপর এবং চার্চে হামলার ঘটনায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর হস্তক্ষেপ চাইল বেঙ্গল ক্রিশ্চান কাউন্সিল। সোমবার এ নিয়ে সাংবাদিক বৈঠক করেন সংগঠনের সভাপতি রেভারেন্ড ড. পরিতোষ ক্যানিং। সংগঠনের তরফে জানানো হয়েছে, রাজ্যের বিভিন্ন জায়গায় খ্রিস্টানদের ওপর এবং চার্চে হামলার ঘটনা ঘটছে। খ্রিস্টান সমাজ এ নিয়ে প্রচণ্ড উদ্বেগের মধ্যে রয়েছে। অভিযোগ দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীর নারায়ণতলা, নদিয়ার কৃষ্ণনগরের জালালখালি-সহ বেশ কিছু এলাকা থেকে এরকম ঘটনার খবর সামনে এসেছে।

সুপ্রিম কোর্টে স্বস্তি কুণালের

আজকালের প্রতিবেদন

আদালত অবমাননার মামলায় জরিমানার নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্টের তিন বিচারপতির বিশেষ বেঞ্চ। সেই রায়ের ওপর স্থগিতাদেশ জারি করল সুপ্রিম কোর্ট। তৃণমূল বিধায়ক কুণাল ঘোষকে দোষী সাব্যস্ত করে জরিমানার নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। সোমবার সুপ্রিম কোর্ট সেই রায়ে হস্তক্ষেপ করে। সংশ্লিষ্ট শিবিরকে নোটিস জারি করার নির্দেশ দিয়েছে। হাইকোর্টের তিন বিচারপতির বিশেষ বেঞ্চের রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আবেদন করেছিলেন কুণাল। তাঁর দুই আইনজীবী অয়ন চক্রবর্তী ও শাম্ব মিত্র সুপ্রিম কোর্টের দুই বিচারপতির ডিভিশন বেঞ্চে হাইকোর্টের ওই রায় বিবেচনার জন্য আবেদন করেন। তারপরই সুপ্রিম কোর্ট জানায় স্থগিতাদেশের কথা। সুপ্রিম কোর্টের এই রায় নিয়ে সমাজমাধ্যমে কুণাল ঘোষ লিখেছেন, যে বা যাঁরা আমার বিরুদ্ধে মিথ্যে অভিযোগ করে মামলা সাজিয়েছিলেন, তাঁরা আজ একটু দুঃখ পাবেন। আমি আদালত মানি। বিশেষ বেঞ্চের তিন বিচারপতিকে শ্রদ্ধা করি। কিন্তু তাঁদের রায়ে আমি ন্যায় বিচার পাইনি মনে করি। তাই সুপ্রিম কোর্টে গিয়েছিলাম। আইনি লড়াই চলবে। প্রসঙ্গত, ২০২৫ সালের এপ্রিল মাসে হাইকোর্টে উচ্চ প্রাথমিকের সুপার নিউমেরারি (অতিরিক্ত শূন্য পদ) নিয়োগ সংক্রান্ত মামলার শুনানি চলছিল। সেই সময় কয়েকজন চাকরিপ্রার্থী বিক্ষোভ দেখান। সেই সময় তৃণমূল বিধায়ক কুণাল ঘোষ চাকরিপ্রার্থীদের সমর্থনে গিয়েছিলেন। সেই সময়ের ঘটনার ফুটেজ দেখে প্রধান বিচারপতির মনে হয়েছিল আদালতের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। স্বতঃপ্রণোদিত মামলা রুজু করে তিন বিচারপতির বিশেষ বেঞ্চ গঠন করা হয়েছিল। সেই মামলার রায়দান করতে গিয়ে কুণাল ঘোষকে জরিমানার নির্দেশ দিয়েছিল হাইকোর্ট।

বিজেপির নতুন ২ সাংগঠনিক জেলা সভাপতি

বহরমপুর ও তমলুকে বিজেপির সাংগঠনিক জেলা সভাপতি নির্বাচিত হলেন বিধায়ক শাখারভ সরকার ও সোমনাথ ভুঁইয়া। সোমবার দলের সাংগঠনিক বৈঠকের পরেই রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এঁদের নতুন দায়িত্ব দেন।

JSW Dulux

জেএসডব্লিউ ডুলাক্স লিমিটেড

(পূর্বে আকজো নোবেল ইন্ডিয়া লিমিটেড)

CIN: L24292WB1954PLC021516

রেজিস্টার্ড অফিস: ৮০১এ সাউথ সিটি বিজনেস পার্ক ৭৭০, আনন্দপুর, ইএম বাইপাস, ফোর্টিস হাসপাতালের কাছে, কলকাতা-৭০০১০৭

ফোন নম্বর: ০৩৩ ২২২৬ ৭৪৬২ • ফ্যাক্স নম্বর: ০৩৩ ২২২৭ ৭৯২৫

ই-মেল: jswdulux.investor@jsw.in • ওয়েবসাইট: www.jswdulux.com

পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি

(শুধুমাত্র ই-ভোটিংয়ের মাধ্যমে)

সদস্যদের এতদ্বারা জানানো হচ্ছে যে, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ১০২, ১০৮ এবং ১১০ এবং অন্যান্য প্রযোজ্য বিধানাবলী, এর সঙ্গে পঠিত কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ২০ এবং ২২ এবং অন্যান্য সম্পর্কিত রুলস, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৪৪, দ্য ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া কর্তৃক জারি করা এবং সময় সময় সংশোধিত জেনারেল মিটিং সংক্রান্ত সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড (এসএস-২)-এর বিধান অনুযায়ী এবং ভারত সরকারের কর্পোরেট বিষয়ক মন্ত্রক দ্বারা জারি করা প্রযোজ্য এমসিএ সার্কুলারগুলির (যার সর্বশেষটি হল ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের জেনারেল সার্কুলার নং ০৩/২০২৫) সঙ্গে পঠিত প্রযোজ্য সেবি সার্কুলারগুলির বিধান অনুসারে, কোম্পানি সোমবার, ১৬ নভেম্বর ২০২৬-এ সেই সমস্ত সদস্যদের পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি এবং ব্যাখ্যামূলক বিবৃতির ইলেকট্রনিক কপি পাঠিয়েছে, যাঁদের ই-মেইল ঠিকানা কোম্পানি/আরটিএ/ডিপোজিটরিগুলির কাছে নিবন্ধিত আছে এবং কাট-অফ তারিখ অর্থাৎ **শুক্রবার, ৬ নভেম্বর ২০২৬ তারিখে** যাঁদের নাম রেজিস্টার অফ মেম্বারস/লিস্ট অফ বেনিফিসিয়াল ওনার্স-এ ছিল। নিম্নলিখিত ব্যবসায়িক বিষয়গুলির জন্য শেয়ারহোল্ডারদের অনুমোদন চাওয়া হচ্ছে:

আইটেম নং	ব্যবসার বিবরণ	রেজোলিউশনের ধরন
১	মিস্টার বাহরাম নভরোজ ভাকিল (ডিআইএন ০০২৮৩৯৮০)-কে কোম্পানির স্বাধীন পরিচালক হিসেবে নিয়োগ করা	বিশেষ
২	কোম্পানির নিবন্ধিত কার্যালয় ‘পশ্চিমবঙ্গ রাজ্য’ থেকে ‘মহারাষ্ট্র রাজ্য’-এ পরিবর্তন/স্থানান্তর এবং সেই অনুযায়ী কোম্পানির মেমোরেন্ডাম অফ অ্যাসোসিয়েশনের ক্লজ II-তে পরিবর্তন অনুমোদন করা	বিশেষ

রিমোট ই-ভোটিং সুবিধা প্রদানের এজেন্সি হিসেবে কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড **(‘এনএসডিএল’)**-এর পরিষেবা নিযুক্ত করেছে।

রিমোট ই-ভোটিং **মঙ্গলবার, ১৭ নভেম্বর ২০২৬ সকাল ৯টায় (ভারতীয় সময়)** শুরু হবে এবং **বুধবার, ১৬ ডিসেম্বর ২০২৬ বিকেল ৫টায় (ভারতীয় সময়)** শেষ হবে। এর পরপরই এনএসডিএল কর্তৃক রিমোট ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে।

কোম্পানির পরিচালনা পর্ষদ মিস্টার অতুল কুমার লাভ, প্র্যাক্টিসিং কোম্পানি সেক্রেটারি, মেসার্স এ. কে. লাভ অ্যান্ড কোং, কোম্পানি সেক্রেটারিজ, কলকাতা-কে একটি সুষ্ঠু ও স্বচ্ছ উপায়ে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে পোস্টাল ব্যালট প্রক্রিয়াটি তদারকি করার জন্য স্ক্রুটিনাইজার হিসেবে নিয়োগ করেছে।

উক্ত বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইট www.jswdulux.com, বিএসই লিমিটেড (‘বিএসই’) www.bseindia.com এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (‘এনএসই’) www.nseindia.com-এর প্রাসঙ্গিক বিভাগে (যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ার তালিকাভুক্ত রয়েছে) এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)-এর ওয়েবসাইট: www.evoting.nsdl.com-এ উপলব্ধ। যে কোনো সদস্য পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি না পেলে jswdulux.investor@jsw.in বা investor.helpdesk@in.mpms.mufg.com-এ একটি ইমেল পাঠিয়ে তার একটি অনুলিপি পেতে পারেন।

রিমোট ই-ভোটিং সংক্রান্ত কোনো প্রশ্ন/অভিযোগের ক্ষেত্রে, আপনি www.evoting.nsdl.com-এর ‘ডাউনলোড’ বিভাগে উপলব্ধ শেয়ারহোল্ডারদের জন্য সচরাচর জিজ্ঞাস্য প্রশ্নাবলী (‘এফএকিউ’) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়ালটি দেখতে পারেন, অথবা ০২২-৪৮৮৬ ৭০০০ নম্বরে কল করতে পারেন বা মিস পল্লবী মাত্রে, এভিপি, এনএসডিএল-এর সাথে ই-মেল ঠিকানা: evoting@nsdl.com-এ যোগাযোগ করতে পারেন। ভোটিং প্রক্রিয়া সম্পর্কিত কোনো অভিযোগের ক্ষেত্রে সদস্যরা ০২২ ৪২৮৬ ১০০০ বা jswdulux.investor@jsw.in-এ ডেপুটি নোডাল অফিসারের সাথেও যোগাযোগ করতে পারেন।

পোস্টাল ব্যালটের ফলাফল ই-ভোটিং সমাপ্ত হওয়ার ৪৮ ঘণ্টার মধ্যে কোম্পানির নিবন্ধিত কার্যালয়/কর্পোরেট কার্যালয়ে ঘোষণা করা হবে। স্ক্রুটিনাইজারের রিপোর্ট সহ উক্ত ফলাফল কোম্পানির ওয়েবসাইট www.jswdulux.com এবং এর কর্পোরেট কার্যালয়/নিবন্ধিত কার্যালয়ে দেওয়া হবে। পোস্টাল ব্যালটের জন্য রিমোট ই-ভোটিংয়ের মেয়াদ শেষ হওয়ার দুই দিনের মধ্যে ফলাফলগুলি এনএসডিএল-এর ওয়েবসাইট www.evoting.nsdl.com-এও উপলব্ধ হবে এবং বিএসই লিমিটেড (**‘বিএসই’**) এবং দ্য ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (‘এনএসই’)-কে জানানো হবে।

জেএসডব্লিউ ডুলাক্স লিমিটেডের পরিচালনা পর্ষদের আদেশানুসারে

(পূর্বে আকজো নোবেল ইন্ডিয়া লিমিটেড)

স্বা/-

রাজীব রাজগোপাল

যুগ্ম ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও

DIN: 06685599

তারিখ: ১৬ নভেম্বর, ২০২৬

স্থান: মুম্বই

পঞ্জাব নৈশনল বৈংক ...ভরোসে কা প্রতীক! punjab national bank ...the name you can BANK upon!

শাখা অফিস: এআরএমবি নদিয়া

১/৪, পণ্ডিত এল কে মৈত্র রোড, কৃষ্ণনগর, নদিয়া-৭৪১১০১

ই-মেল: cs8286@pnb.bank.in, ফোন: ৯০০২৬৯০২৮৯ / ৯৩৮২১৬৩২৮৪

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং এই ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/বাস্তবিক/প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে এই ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

সুরক্ষিত পরিসম্পদের তফসিল

লট নং	শাখার নাম অ্যাকাউন্টের নাম ঋণগ্রহীতা/ জামিনদারগণের নাম ও অ্যাকাউন্ট নম্বর	বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ/ স্বত্বাধিকারীর নাম (সম্পত্তির বন্ধকদাতা)	ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) ১৩(২) ধারাধীন দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক/ গঠনমূলক)	ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকায়) খ) ইএমডি (ইএমডি জমার শেষ তারিখ) গ) বিড বাড়ানোর মূল্য	ই-নিলামের তারিখ ও সময়	সুরক্ষিত ঋণদাতার জানা দায় (যদি থাকে)
১	**শাখা অফিস: গোয়াস** **মেসার্স গীতাঞ্জলি (রেজিস্টার্ড পার্টনারশিপ ফার্ম)** গ্রাম- মালিয়ানতলা, পোঃঅঃ- বাজিতপুর, থানা- করিমপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১১৫২ **মিঃ গিরেন বৈরাগ্য (অংশীদার তথা জামিনদার),** পিতা- মিঃ গঙ্গারাম বৈরাগ্য, গ্রাম ও পোঃঅঃ- ঢোড়াদহ, থানা- থানারপাড়া, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১১৫২ **শ্রীমতী শর্মিষ্ঠা মণ্ডল (অংশীদার তথা জামিনদার তথা বন্ধকদাতা),** স্বামী- সুশান্ত মণ্ডল, গ্রাম- মহিষবাথান, পোঃঅঃ- রহমতপুর, থানা- করিমপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১১৬৫ **শ্রীমতী সুষমা মণ্ডল বিশ্বাস (অংশীদার তথা জামিনদার),** স্বামী- অক্ষয় বিশ্বাস, গ্রাম- মালিয়ানতলা, পোঃঅঃ- বাজিতপুর, থানা- করিমপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১১৫২ **শ্রীমতী অন্বেষা বিশ্বাস (অংশীদার তথা জামিনদার),** পিতা- অক্ষয় বিশ্বাস, গ্রাম- মালিয়ানতলা, পোঃঅঃ- বাজিতপুর, থানা- করিমপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১১৫২ **মিঃ অক্ষয় বিশ্বাস (জামিনদার তথা বন্ধকদাতা),** পিতা- প্রয়াত অনুকূল বিশ্বাস, গ্রাম- মালিয়ানতলা, পোঃঅঃ- বাজিতপুর, থানা- করিমপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১১৫২ **মিঃ গঙ্গারাম দাস বৈরাগ্য (জামিনদার তথা বন্ধকদাতা),** পিতা- প্রয়াত সুরেন্দ্রনাথ বৈরাগ্য, গ্রাম ও পোঃঅঃ- ঢোড়াদহ, থানা- থানারপাড়া, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১১৫২ **মিঃ সুশান্ত মণ্ডল (জামিনদার তথা বন্ধকদাতা),** পিতা- সুরেশ চন্দ্র মণ্ডল, গ্রাম- মহিষবাথান, পোঃঅঃ- রহমতপুর, থানা- করিমপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১১৬৫	সম্পত্তি নং ১: আরসিসি ছাদ দেওয়া ইটনির্মিত দোতলা আবাসবাড়ি, সম্পত্তির অবস্থান: মৌজা- ঢোড়াদহ, জে এল নং ০২, প্লট নং- আর এস এবং এল আর ১৪৭০, খতিয়ান নং- হাল ১২৫৬, এল আর ২১৮৫, জমির পরিমাপ ৮.৭৫ ডেসিমেল, করিমপুর ২ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা- থানারপাড়া, এডিএসআর- করিমপুর, জেলা- নদিয়া, দলিল নং ৫০০২/১৯৭৫ এবং ১০১৫৬/২০০৮ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: শ্রী গঙ্গারাম সরকার ওরফে শ্রী গঙ্গারাম দাস বৈরাগ্য। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- নারায়ণ মণ্ডলের বাড়ি; দক্ষিণ- পঞ্চায়েতি রাস্তা; পূর্ব- পঞ্চায়েতি রাস্তা এবং তার পরে কাজল মণ্ডলের বাড়ি; পশ্চিম- বিমল বৈরাগ্যের বাড়ি। ল্যান্ডমার্ক: সাহাপাড়া দুর্গামন্দিরের নিকটে। সম্পত্তি নং ২: উপরিস্থিত আরসিসি ছাদ দেওয়া ইটনির্মিত দোতলা আবাসবাড়ি ও কাঠামো সমেত নিম্নোক্ত জমি যার অবস্থান: মৌজা- গাবরুডাঙ্গা, জে এল নং ৭, দাগ নং ১৪০৬/৩৪৬৯, খতিয়ান নং ২৯৩৭, জমির পরিমাপ ৮ ডেসিমেল, করিমপুর ১ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা- করিমপুর, এডিএসআর- করিমপুর, এডিএসআর- করিমপুর, জেলা- নদিয়া, দলিল নং ৫৯৫৪/২০০৬ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: শ্রী অক্ষয় বিশ্বাস, পিতা- প্রয়াত অনুকূল বিশ্বাস, গ্রাম- মালিয়ানতলা, পোঃঅঃ- বাজিতপুর, থানা- করিমপুর, জেলা- নদিয়া। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- সুজিত বিশ্বাস ও রবীন্দ্রনাথ বিশ্বাসের বাড়ি; দক্ষিণ- গীতাঞ্জলির সম্পত্তি; পূর্ব- পঞ্চায়েতি রাস্তা; পশ্চিম- সুজিত বিশ্বাসের বাড়ি। ল্যান্ডমার্ক: বাজিতপুর বাস স্টপের নিকটে। ওএ/২৮৪/২০২৫	ক) ১৮.১০.২০২২ খ) ₹৩,১১,৭৭,৪১৬.৪৫ তৎসহ উদ্ভূত সুদ গ) ১৪.০৮.২০২৩ ঘ) প্রতীকী	সম্পত্তি নং ১ ক) ₹৩৫,৩৬,০০০.০০ খ) ₹৩,৫৩,৬০০.০০ গ) ₹১০,০০০.০০ সম্পত্তি নং ২ ক) ₹৩৬,৭৫,০০০.০০ খ) ₹৩,৬৭,৫০০.০০ গ) ₹১০,০০০.০০	০৩.১২.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে	ব্যাঙ্কের জানা নেই
২.	**শাখা অফিস: কৃষ্ণনগর (পূর্বতন ওবিসি)** **মেসার্স তারা মা হিমঘর প্রাইভেট লিমিটেড** **গ্রাম- দেপাড়া, বিষ্ণুপুর, পোঃঅঃ- নদিয়া, কৃষ্ণনগর, জেলা- নদিয়া, পিন-৭৪১১০৩** **মেসার্স তারা মা হিমঘর প্রাইভেট লিমিটেড** **অফিসের ঠিকানা: ৪, নেদিয়ারপাড়া রোড, কৃষ্ণনগর, নদিয়া-৭৪১১০১** **মিঃ দেবজিৎ সরকার (মেসার্স তারা মা হিমঘর প্রাইভেট লিমিটেডের ডিরেক্টর),** পিতা- প্রয়াত হেরম্ব সরকার, নেদিয়ারপাড়া রোড, পোঃঅঃ- কৃষ্ণনগর, থানা- কোতোয়ালি, নদিয়া-৭৪১১০১ **শ্রীমতী শম্পা সরকার (মেসার্স তারা মা হিমঘর প্রাইভেট লিমিটেডের ডিরেক্টর),** স্বামী- মিঃ দেবজিৎ সরকার, নেদিয়ারপাড়া রোড, পোঃঅঃ- কৃষ্ণনগর, থানা- কোতোয়ালি, নদিয়া-৭৪১১০১ **মিঃ শ্যামল হালদার (মেসার্স তারা মা হিমঘর প্রাইভেট লিমিটেডের ডিরেক্টর),** পিতা- প্রয়াত কাশীনাথ হালদার, মালোপাড়া, কৃষ্ণনগর, থানা- কোতোয়ালি, নদিয়া-৭৪১১০১	সম্পত্তি নং ১: জমি ও বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- ৯২, কৃষ্ণনগর, থানা- কোতোয়ালি, জেলা- নদিয়া, প্লট নং- আর এস ৩১৩৪, এল আর ৭৭৩২, আর এস খতিয়ান নং ১৭২২ এবং এল আর খতিয়ান নং ৬৯৪৪, কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির সাবেক ২৮ নং ওয়ার্ডের (হাল ২৩ নং) এলাকাধীন, হোল্ডিং নং ১৯, জমির পরিমাপ- ৩ ডেসিমেল, ১০.০২.২০০৬ তারিখের পার্টিশন দলিল নং ২০৬৮ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: শ্রী শ্যামল কুমার হালদার। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- পুরসভার রাস্তা (বি ডি মুখার্জি লেন); দক্ষিণ- দেবাশিস হালদারের সম্পত্তি; পূর্ব- সুব্রত হালদারের সম্পত্তি; পশ্চিম- সঞ্জীব ব্যানার্জির সম্পত্তি। সম্পত্তি নং ২: জমি ও বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- ৫৪, সুবর্ণ বিহার, পোঃঅঃ- আমঘাটা, থানা- কোতোয়ালি, জেলা- নদিয়া, আর এস খতিয়ান নং ৭২১ ও ৩৩২০, সাবেক এল আর খতিয়ান নং ৩৭৩, ২৭৩, ২৩৮০, ৪৯০, ২৭৭৫, ৩২২০, ৭৭৭, হাল এল আর খতিয়ান নং ৪২৬০, ৪২৬১, ৪২৬২ ও ৪২৬৩, প্লট নং ৩৮৯৫, ৩৮৯৬, ৩৮৯৭ ও ৩৯৯৯/৭৩৩৭, জমির পরিমাপ- ১.১৮৫ একর, ০৩.০৭.২০০৬ তারিখের দলিল নং ৬৯৯৪ অনুযায়ী সম্পত্তির মালিকানা তারা মা হিমঘর প্রাঃ লিঃ-এর নামে। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- সবিতা মণ্ডল, আহাদ আলি শেখ ও গোবিন্দ মোদকের সম্পত্তি; দক্ষিণ- রাস্তা এবং কার্তিক মোদকের সম্পত্তি; পূর্ব- বীরেন বিশ্বাস, অমূল্য সাহা, কার্তিক মোদক ও পঞ্চমী বিশ্বাসের সম্পত্তি; পশ্চিম- চূড়ামণি চক্রবর্তী এবং মনোরঞ্জন মণ্ডল। এসএ/১৩৪৭/২০২৬ ওএ/৩৪৪/২০১৫	ক) ০৭.০১.২০১৪ খ) ₹৫,১৯,২৮,৭৪৯.৬৯ তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ গ) ২০.০৫.২০১৪ গ) প্রতীকী	সম্পত্তি নং ১ ক) ₹৩৩,০৯,৯০০.০০ খ) ₹৩,৩০,৯৯০.০০ গ) ₹১০,০০০.০০ সম্পত্তি নং ২ ক) ₹২,০২,৫২,১০০.০০ খ) ₹২০,২৫,২১০.০০ গ) ₹১০,০০০.০০	০৩.১২.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে	ব্যাঙ্কের জানা নেই

শর্ত ও নিয়মাবলি:

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:

১. সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।

২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।

৩. এই বিক্রি **০৩.১২.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে** https://www.baanknet.com ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।

৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.baanknet.com এবং https://www.pnb.bank.in ওয়েবসাইট দেখুন। ই-নিলাম চলার সময় আপসমূলক বিডিংয়ে বিডাররা সর্বশেষ বিডে প্রস্তাবিত অর্থমূল্যের ওপর ওপরে উল্লিখিত বিড বাড়ানোর অর্থমূল্যের গুণিতকে উচ্চতর বিড পেশের সুযোগ পাবেন। পরবর্তী উচ্চতর বিড পেশের জন্য ৫ মিনিট সময় দেওয়া হবে এবং সর্বশেষ উচ্চতম বিড পেশের পর ৫ মিনিট সময়সীমার মধ্যে কোনও বিডার উচ্চতর বিড পেশ না করলে ই-নিলাম বন্ধ করে দেওয়া হবে।

৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **মিঃ অনীশ কুমার, মোবাইল: ৯০০২৬৯০২৮৯; মিঃ যীশু বিশ্বাস, মোবাইল: ৯৩৮২১৬৩২৮৪।**

সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯(১) অধীনে ৩০/১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

তারিখ: ১৭.১১.২০২৬; স্থান: কৃষ্ণনগর

অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা

সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর রুল ৮(৬) ও রুল ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি